

মহিষ গবেষণা ও উন্নয়ন (১ম সংশোধিত) প্রকল্প
বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
সাভার, ঢাকা ১৩৪১

মহিষ গবেষণা ও উন্নয়ন (১ম সংশোধিত) প্রকল্পের তথ্যাদি

প্রকল্পের উদ্দেশ্যঃ

- দেশী নদীর মহিষের (River buffalo) দুধ উৎপাদন দক্ষতা বৃদ্ধির জন্য জাত উন্নয়ন কার্যক্রম গ্রহণ;
- দেশে উৎপাদিত সংকর (মুররাহ × দেশী) জাতের মহিষের F_1 প্রজন্মের উৎপাদনশীলতা যাচাই এবং F_3 প্রজন্মের বাচ্চা উৎপাদন;
- দেশীয় আবহাওয়ায় অভিযোজনের লক্ষ্যে বিশুদ্ধ মুররাহ জাতের মহিষের সিলেকটিভ ব্রিডিং কার্যক্রম গ্রহণ এবং G_1 প্রজন্মের বাচ্চা উৎপাদন; এবং
- লাভজনক মহিষ পালন ব্যবস্থাপনা উন্নয়নের লক্ষ্যে ন্যূনতম ৫টি প্রযুক্তি উদ্ভাবন ও খামারী পর্যায়ে অভিযোজন।

প্রকল্পের মেয়াদঃ জুলাই ২০২০ খ্রিঃ থেকে জুন ২০২৬ খ্রিঃ।

প্রকল্প বরাদ্দের উৎসঃ সরকারী অনুদান।

প্রকল্প এলাকাঃ

জেলা	উপজেলা
ঢাকা	সাভার
রাজশাহী	গোদাগাড়ী
পাবনা	ইশ্বরদি
জামালপুর	মাদারগঞ্জ
চট্টগ্রাম	আনোয়ারা
লক্ষীপুর	রামগতি
নোয়াখালী	কোম্পানীগঞ্জ
ভোলা	চরফ্যাশন
পটুয়াখালী	বাউফল
সিলেট	ফেঞ্চুগঞ্জ
রংপুর	গঞ্জাছড়া

রিসার্চ কনসেপ্ট এর জন্য নির্ধারিত গবেষণাঃ

প্রস্তাবিত গবেষণার শিরোনাম	গবেষণার মূল উদ্দেশ্য	গবেষণায় সম্ভাব্য অর্জন	বাস্তবায়নকাল
মহিষ গবেষণা ও উন্নয়ন (১ম সংশোধিত) প্রকল্পের ইমপ্যাক্ট নিরূপণে এন্ড লাইন সার্ভে	প্রকল্প সমাপনান্তে খামারী পর্যায়ে প্রকল্পের ইমপ্যাক্ট মূল্যায়ন করা।	প্রকল্প সমাপনান্তে খামারী পর্যায়ে প্রকল্পের প্রভাব নির্ণয়ের ডাটা বেজ তৈরী।	জানুয়ারি-জুন, ২০২৬

রিসার্চ কনসেপ্ট জমাদানের শর্তাবলিঃ

- স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয়ের চতুর্থ বা ততোর্ধ্ব গ্রেডে কর্মরত বিষয় সংশ্লিষ্ট বিজ্ঞানী/শিক্ষকগণ রিসার্চ কনসেপ্ট দাখিল করতে পারবেন।
- প্রাপ্ত রিসার্চ কনসেপ্ট প্রকল্পের উদ্দেশ্য, কর্মপরিকল্পনা, সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয়ের এতদবিষয়ে গবেষণা সক্ষমতা, গবেষক/শিক্ষকগণের সংশ্লিষ্ট বিষয়ে গবেষণা, অভিজ্ঞতা প্রস্তাবিত বাজেট, ইত্যাদি বিবেচনা পূর্বক প্রাথমিকভাবে বাছাই করা হবে। পরবর্তীতে বাছাইকৃত রিসার্চ কনসেপ্টগুলোর পূর্ণাঙ্গ গবেষণা প্রস্তাব আহ্বান করা হবে।
- ছয় মাসের মধ্যে গবেষণা কার্যক্রম সম্পন্ন করা এবং গবেষণা ফলাফল স্বীকৃত জার্নাল/সাময়িকীতে প্রকাশের পরিকল্পনা থাকতে হবে।

মহিষ গবেষণা ও উন্নয়ন (১ম সংশোধিত) প্রকল্প
বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
সাভার, ঢাকা ১৩৪১

৪. পূর্ণাঙ্গ গবেষণা প্রস্তাবগুলো থেকে প্রকল্পের উদ্দেশ্য ও বাজেট বিবেচনায় চূড়ান্ত অনুমোদনের জন্য মূল্যায়ন করা হবে।
৫. নির্বাচিত বিজ্ঞানী/শিক্ষকগণ স্ব-স্ব গবেষণা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয়ের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রকল্প প্রস্তাব প্রেরণ করবেন এবং প্রকল্প প্রস্তাব বাস্তবায়নের জন্য অনুমোদিত হলে স্ব-স্ব গবেষণা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয়ের আইনি কাঠামোর মধ্যে থেকে সরকারি বিধি-বিধান অনুসরণ করে অর্থ ব্যয় ও গবেষণা কার্যক্রম সম্পাদন করতে হবে।
৬. গবেষণা কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদনসহ পূর্ণাঙ্গ প্রতিবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রকল্প অফিসে দাখিল করবেন।
৭. দুই কিস্তিতে অর্থ ছাড় করা হবে। প্রথম কিস্তি ছাড়ের পর গবেষণা অগ্রগতি পর্যালোচনা সাপেক্ষে দ্বিতীয় কিস্তির অর্থ ছাড় করা হবে।
৮. সংশ্লিষ্ট প্রধান গবেষকগণ ও তাদের দায়িত্ব প্রাপ্ত কর্তৃপক্ষ গবেষণা বাস্তবায়ন জনিত অনিয়মের জন্য দায়ী হবেন।
৯. প্রকল্প থেকে উদ্ভাবিত জ্ঞান/প্রযুক্তি বিএলআরআই এর সম্পত্তি হিসেবে বিবেচ্য হবে। কোন ধরনের প্যাটেন্ট উদ্ভাবিত হলে সংশ্লিষ্ট গবেষক এবং প্রকল্প পরিচালক প্যাটেন্টের অংশিদার হবেন।
১০. নির্ধারিত ফরমেটে রিসার্চ কনসেপ্ট দাখিল করতে হবে।
১১. ১০ ডিসেম্বর ২০২৫খ্রিঃ তারিখের পর প্রাপ্ত রিসার্চ কনসেপ্ট বা অসম্পূর্ণ রিসার্চ কনসেপ্ট মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।
১২. গবেষণা টিমের যোগ্যতা, দক্ষতা ও প্রস্তাবিত গবেষণা কর্মের মান বিবেচনাসহ প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও প্রস্তাবিত বাজেট বিবেচনায় প্রকল্প অনুমোদন করা হবে।
১৩. নির্ধারিত ফরমেটের উপযুক্ত স্থানে গবেষণা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয়ের প্রধান/দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা, প্রধান গবেষক এবং সহযোগী গবেষকগণের স্বাক্ষর ও নামাঙ্কিত সীলমোহর এবং মোবাইল নম্বর অবশ্যই থাকতে হবে।
১৪. মূল্যায়নের যে কোন পর্যায়ে গবেষণা প্রস্তাব গ্রহণ বা বাতিলের সকল ক্ষমতা প্রকল্প অফিস সংরক্ষণ করে।
১৫. বাজেট প্রাপ্তি সাপেক্ষে এবং গবেষণার কারিগরিদিক বিবেচনায় পরবর্তীতে অনুমোদিত বাজেট হ্রাস/বৃদ্ধির সকল ক্ষমতা প্রকল্প অফিস সংরক্ষণ করবে।

প্রয়োজনীয় কাগজপত্রঃ

১. ছয় (৬) সেট পুরণকৃত কনসেপ্ট নোটের হার্ড ও সফট কপি দাখিল করতে হবে।
২. সংশ্লিষ্ট প্রধান গবেষক ও সহযোগী গবেষকগণের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, পাসপোর্ট সাইজের সাম্প্রতিক সময়ে তোলা ২ কপি করে রঞ্জন ছবি।
৩. কনসেপ্ট নোটের নির্ধারিত স্থানে গবেষণা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয়ের যথাযথ কর্তৃপক্ষের স্বাক্ষর ও নামাঙ্কিত সীলমোহর থাকতে হবে।

আবেদনকারীর অগ্রাধিকার প্রাপ্যের ক্ষেত্রসমূহঃ

- ক) মহিষের সংশ্লিষ্ট বিষয়ে কাজ করার বাস্তব অভিজ্ঞতা রয়েছে।
- খ) উচ্চতর ডিগ্রিসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে দেশে গবেষণা করার বাস্তব অভিজ্ঞতা রয়েছে।
- গ) SCI শ্রেণিভুক্ত বিজ্ঞান সাময়িকীতে সংশ্লিষ্ট বিষয়ে গবেষণা প্রকাশনা রয়েছে।
- ঘ) গবেষণা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয়ে সংশ্লিষ্ট বিষয়ে গবেষণার সক্ষমতা রয়েছে।